সোনাবাড়ীয়া ইউনিয়ন

জনগোষ্ঠীর ঝুঁকি নিরূপন

ও

নিরসন কর্ম পরিকল্পনা প্রতিবেদন

প্রনয়ণে-

সোনাবাড়ীয়া ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি

সহযোগিতায় ঃ UNDP, DFID & CDMP

CDMP
Comprehensive Disaster Management Programme

DFID Department for International Development

UNDP

সোনাবাড়িয়া ইউনিয়ন

কলারোয়া, সাতক্ষীরা।

জনগোষ্ঠীর ঝুঁকি নিরূপন

I

নিরসন কর্ম পরিকল্পনা প্রতিবেদন

কারিগরি সহায়তায় ঃ আইডিও

তথ্য সংগ্রহ ও সংকলনে ঃ

ইআরএমএফ-এলডিআরআরএপি প্রকল্প টীম

আইডিও

কলারোয়া, সাতক্ষীরা।

ব্যবস্থাপনায় ঃ

মোঃ মিজানুর রহমান

নির্বাহী পরিচালক

আইডিও-সিডিএমপি পার্টনারশীপ প্রকল্প
কলারোয়া, সাতক্ষীরা।

জনগোষ্ঠীর দুর্যোগ ঝুঁকি নিরূপণ কর্মশালা
বাস্ড়বায়নযোগ্য পরিকল্পনা প্রতিবেদন

ইউনিয়ন - সোনাবাড়ীয়া, উপজেলা-কলারোয়া

জেলা- সাতক্ষীরা।

মুখবন্ধ

বিশ্বের মানচিত্রে বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ হিসেবে পরিচিত। ভৌগলিক অবস্থা, অবস্থান ও আবহাওয়ার কারণে স্থানভেদে এদেশে প্রতি বছর বন্যা, ঘুর্ণিঝড়, খরা, টর্নেডো, জলোচ্ছাস, কালবৈশাখীর মত নানা ধরণের প্রাকৃতিক আপদ আঘাত হানে। অবস্থানগত কারণে ভূমিকম্প এদেশের জন্য আরও একটা আপদ, অন্যদিকে নদীমাতৃক দেশ হওয়ায় প্রায় প্রতিবছরই নদী ভাঙ্গনের কারণে প্রতিনিয়ত লাখ লাখ মানুষ নিঃস্ব হয়ে পড়ে। এ ছাড়াও মানবসৃষ্ট বিভিন্ন আপদ মানব জীবনকে প্রতিনিয়ত আতঙ্কগ্রস্থ রাখে। এ সমস্ড় আপদের প্রভাবে এলাকার মানুষের সহায় সম্পদসহ জানমালের ব্যাপক ক্ষতি সাধিত হয়, এর ফলে শুধুমাত্র জনগোষ্ঠীরই ক্ষতিগ্রস্থ হয় তা নয়, জাতীয় সম্পদ ও অর্থনীতিতেও ব্যাপকভাবে এর প্রভাব পরিলক্ষিত হয়।

বাংলাদেশ মারাত্মক দুর্যোগ প্রবণ দেশ হলেও ইতি পূর্বে ঝুঁকি হ্রাস কর্মসূচীর মাধ্যমে মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমানোর সুদুর প্রসারী কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। সুষ্ঠু পরিকল্পনা ব্যতিরেকে শুধুমাত্র ত্রাণ ও পুনর্বাসনকেই বেশী প্রাধান্য দেয়া হয়েছে।

সম্প্রতি বাংলাদেশ সরকার ইউএনডিপি ও অন্যান্য দাতাগোষ্ঠীর সহায়তায় সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর মাধ্যমে দুর্যোগের ঝুঁকি হ্রাস বিষয়ক এক যুগান্ড়কারী কর্মসূচী হাতে নিয়েছে। এই কর্মসূচীর আওতায় প্রাথমিকভাবে সমাজের বিভিন্নস্ড়রের জনসাধারণ ও স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সমন্বয়ে স্থানীয় ঝুঁকি চিহ্নিত করে তা প্রশমনের লক্ষ্যে পর্যালোচনার মাধ্যমে দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা প্রণয়ননের উদ্যোগ গ্রহন করে। ঝুঁকি নিরসন কর্মপরিকল্পনায় স্থানীয় আপদ সমূহ চিহ্নিত করে ঝুঁকি নিরসনের জন্য প্রতিটি ইউনিয়ন পর্যায়ে আলাদাভাবে দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রনয়ন করা হয়েছে। ডিএফআইডি ও ইউএনডিপির আর্থিক সহায়তায় ও বাংলাদেশ সরকারের অধীনে এ কর্মসূচীর প্রণয়নকৃত কর্মপরিকল্পনা স্থানীয় ঝুঁকি হ্রাসে সুদূর প্রসারী অবদান রাখতে পারবে বলে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি মনে করে।

ইউনিয়ন ভিত্তিক ঝুকি হ্রাস কর্মপরিকল্পনা প্রণয়নে স্থাণীয় জনগোষ্ঠীর মধ্যে কৃষক, ভুমিহীন, নারী ও প্রতিবন্ধী এবং ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ সক্রিয়ভাবে অংশগ্রহন করেন। বিশেষ করে অত্র এলাকায় কর্মরত বে-সরকারী স্বেচ্ছাসেবী সংস্থা আইডিও এর ইআরএমএফ-এলডিআরআরএপি প্রকল্প টীমের কর্মীদের নিষ্ঠা ও অক্লান্ড় পরিশ্রম ঝুঁকি হ্রাস পরিকল্পনা প্রণয়নে যথার্থ অবদান রেখেছে। তাদের এ কর্ম প্রচেষ্ঠা ও অক্লান্ড় পরিশ্রমের ফলে সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন সোনাবাড়িয়া ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি একটি বাস্ড়ব সম্মত ঝুঁকি হ্রাস কর্মপরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছে। অত্র ইউনিয়নের ঝুঁকি হ্রাস কল্পে প্রণীত কর্মপরিকল্পনায় বিভিন্ন কর্মকা সমূহ প্রাধান্য লাভ করেছে। তন্মধ্যে সোনাই নদী খনন, খাল খনন, বাড়ির ভিটা উঁচু করণ, রাস্ড়া উঁচুকরণ এবং আর্সেনিক মুক্ত গভীর নলকূপ স্থাপন উলে- খযোগ্য। যা বাস্ড়বায়িত হলে স্থানীয় দুর্যোগের ঝুঁকি সমূহ অনেকাংশে হ্রাস পাবে এবং জনগণের জীবন/জীবিকা ও সহায় সম্পত্তির ক্ষয়-ক্ষতির পরিমান কমিয়ে আনা সম্ভব হবে।

এলাকাবাসীর পক্ষ থেকে আমি সোনাবাড়িয়া ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে ঝুঁকি হ্রাস কর্ম-পরিকল্পনা প্রণয়নে সংশি- ষ্ট সবাইকে আন্ড়রিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

নির্বাহী পরিচালক
ইআরএমএফ-এলডিআরআরএপি প্রকল্প
কলারোয়া, সাতক্ষীরা
আইডিও
কেশবপুর, যশোর।

সভাপতি
ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও চেয়ারম্যান
সোনাবাড়িয়া ইউনিয়ন পরিষদ
উপজেলা- কলারোয়া
জেলা- সাতক্ষীরা।

প্রকল্প বাস্ড়বায়ন কর্মকর্তা
উপজেলা- কলারোয়া
জেলা- সাতক্ষীরা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা
উপজেলা- কলারোয়া
জেলা- সাতক্ষীরা।

সুচীপত্র

ক্রমিক নং	বিবরণ	পৃষ্ঠা নং
১.	ভূমিকা ও পটভূমি	১-২
২.	কেন এলাকায় সি. আর. এ করা হ'ল	২
৩.	ইউনিয়নের জনগণ, জীবন-জীবিকা ও প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যাবলী	৩
৪.	অবস্থান, আয়তন, প্রকৃতি ও জনংখ্যা	৪
৫.	শিক্ষা	৪-৫
৬.	স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা	৫
৭.	যোগাযোগ	৬
৮.	নদী, খাল, বিল ও জলাশয়	৬-৭
৯.	অর্থনৈতিক কর্মকান্ড	৭-৮
১০.	ধর্ম	৮
১১.	সামাজিক দল	৮
১২.	প্রতিষ্ঠান, আশ্রয় কেন্দ্র , এনজিও	৯
১৩.	হাট, বাজার	৯-১০
১৪.	খেলার মাঠ	১০
১৫.	সাংস্কৃতিক অনুষ্ঠান	১০
১৬.	রাজনৈতিক সংগঠন	১০
১৭.	ভূমি ও ভূমির ব্যবহার	১০
১৮.	বাঁধ, কৃষি, খাদ্য, বনায়ন	১০-১১
১৯.	জীব ও বৈচিত্র	১১-১৩
২০.	গবাদী পশু/পাখী	১৩
২১.	মৎস্য চাষ	১৩
২২.	বিদ্যুৎ	১৩
২৩.	পানি ও পয়ঃনিষ্কাশন	১৩
২৪.	ইউনিয়ন মানচিত্র	১৪
২৫.	উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কিত তথ্যাবলী	১৫
২৬.	টি.আর, কাবিখা ও ভিজিডি	১৬
২৭.	ব্রীজ/কালভার্ট	১৬
২৮.	কৃষি বিষয়ক, বিগত ৫ বছরে কৃষিতে ক্ষয় ক্ষতির বিবরন	১৬
২৯.	ইউনিয়নের বিভিন্ন আপদ ও দুর্যোগ প্রেক্ষিত	১৭
৩০.	নদী ভাঙ্গন	১৮
৩১.	বন্যা (পানির স্তর সময়কাল ব্যাপ্তি)	১৮
৩২.	বৃষ্টিপাত	১৮-২৮
৩৩.	ভূগর্ভস্থ পানির অবস্থা	২৯
৩৪.	ভূমির প্রকৃতি	২৯
৩৫.	খরা, তাপদাহ, শিলাবৃষ্টি, টানাবৃষ্টি	২৯
৩৬.	টর্ণেডো, লবনাক্ততা, তাপদাহ ও শৈত প্রবাহ	৩০
৩৭.	জীবন-জীবিকার ধরণ, সংকট ও সম্ভাবনা	৩১-৩২
৩৮.	বিগত দিনে এলাকায় ঘটে যাওয়া দুর্যোগের উপর সংক্ষিপ্ত আলোকপাত	৩৩
৩৯.	সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতির বৈশিষ্ট্য ও উপকারসমূহ	৩৪-৩৬
৪০.	মূলতথ্য প্রদানকারীর সাক্ষাৎকার প্রশ্নপত্র (আবহাওয়া ও জলবায়ু পরিবর্তন বিষয়ক)	৩৭-৩৯
৪১.	পরিশিষ্ট -১ ঃ সকল আপদ চিহ্নিত করণ	৪০
৪২.	পরিশিষ্ট - ২ ঃ বিপদাপন্ন খাত সমূহ	৪০

ক্রমিক নং	বিবরণ	পৃষ্ঠা নং
৪৩.	পরিশিষ্ট - ৩ ঃ বিপদাপন্ন উপাদান সমূহ	৪০
৪৪.	পরিশিষ্ট -৪ ঃ আপদের ঝুঁকি বিবরণ	৪০-৪১
৪৫.	পরিশিষ্ট - ৫ ঃ ঝুঁকি বিশে- ষণ মূল্যায়ন	৪১-৪৪
৪৬.	ঘটার সম্ভাবনা ও পরিণতির বর্ণনা	৪৪
৪৭.	ঝুঁকির স্ড়র বিন্যাস	৪৫
৪৮.	পরিশিষ্ট - ৬ ঃ ঝুঁকি অগ্রাধিকার করণ	৪৫
৪৯.	পরিশিষ্ট - ৭ ঃ কারণ বিশে- ষণ	৪৬-৪৭
৫০.	পরিশিষ্ট - ৮ ঃ ঝুঁকি হ্রাস উপায় ও কৌশল সমন্বয়করণ ও অগ্রাধিকার	৪৭-৪৯
৫১.	পরিশিষ্ট - ৯ ঃ উপায় সমূহ বাস্ড়বায়নের সামাজিক, রাজনৈতিক, কারিগরি, অর্থনৈতিক ও পরিবেশগত প্রভাব বিশে- ষণ	৫০-৫৫
৫২.	পরিশিষ্ট - ১০ ঃ সংশি- ষ্ট চলমান কার্যক্রম ও এর সফলতার সীমাবদ্ধতা সমূহ চিহ্নিত করণ	৫৬-৫৮
৫৩.	পরিশিষ্ট - ১১ ঃ সংশি- ষ্ট চলমান কার্যক্রম ও এর সফলতার সীমাবদ্ধতা সমূহ চিহ্নিত করণ (বিকল্প)	৫৯
৫৪.	পরিশিষ্ট - ১২ ঃ বিকল্প উপায় সমূহ বাস্ড়বায়নের সামাজিক, রাজনৈতিক, কারিগরি, অর্থনৈতিক ও পরিবেশগত প্রভাব বিশে- ষণ	৫৯-৬০
৫৫.	পরিশিষ্ট - ১৩ ঃ খসড়া কর্মপরিকল্পনা তৈরী (মূল উপায়কে ঘিরে)	৬১-৬৬
৫৬.	পরিশিষ্ট - ১৪ ঃ খসড়া কর্মপরিকল্পনা তৈরী (বিকল্প উপায়কে ঘিরে)	৬৭
৫৭.	পরিশিষ্ট ১৫ ঃ সি আর এ তে ব্যবহৃত দ্রব্যাদির তালিকা	৬৮
৫৮.	দূর্যোগ এবং ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে জে ার ও সামাজিক সুবিধা বঞ্চিতদের বিষয় পর্যালোচনা	৬৯-৭২
৫৯.	পরিশিষ্ট ১৬ ঃ আপদের মৌসুমী দিনপঞ্জি (প্রক্রিয়া ও একীভূত ফলাফল ছক)	৭২
৬০.	পরিশিষ্ট ১৭ ঃ জীবিকার মৌসুমী দিনপঞ্জি (প্রক্রিয়া ও একীভূত ফলাফল ছক)	৭৩
৬১.	পরিশিষ্ট ১৮ ঃ আপদের ক্ষতির মাত্রা ও সম্ভাব্যতা (ভ্যন ডায়াগ্রাম, প্রক্রিয়া ও একীভূত ফলাফল ছক)	৭৪
৬২.	ইউনিয়ন সামাজিক মানচিত্র	৭৫
৬৩.	ইউনিয়ন আপদ মানচিত্র	৭৬
৬৪.	পরিশিষ্ট ১৯ ঃ পরিভ্রমন প্রতিবেদন	৭৭-৭৮
৬৫.	পরিশিষ্ট ২০ ঃ সমঝোতা তৈরীর সূচক সমূহের বিশে- ষণ	৭৯
৬৬.	পরিশিষ্ট ২১ ঃ সিআরএ কর্মশালার তারিখ (সেশন ভিত্তিক তারিখ সমূহ)	৭৯
৬৭.	পরিশিষ্ট ২২ ঃ প্রকল্প টীমের কর্মীদের নামের তালিকা	৭৯
৬৮.	পরিশিষ্ট ২৩ ঃ মাঠ পর্যায়ে সি আর এ কর্মশালায় অংশ গ্রহণকারীদের নামের তালিকা	৮০-৮৩
৬৯.	**পরিশিষ্ট ২৪ ঃ** ইউনিয়নে চুড়ান্ড় খসড়া পরিকল্পনা প্রনয়ণ অধিবেশনে অংশগ্রহণকারীদের নামের তালিকা	৮৪
৭০.	**পরিশিষ্ট ২৫ ঃ** ইউনিয়ন দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নামের তালিকা	৮৫
৭১.	উপসংহার	৮৬

ভূমিকা ও পটভূমি ঃ

ভূমিকা ঃ

১৮৭০ সালে গ্রাম চৌকিদারী আইন পাশের মধ্যদিয়ে স্থানীয় সরকার কাঠামো তথা ইউনিয়ন পরিষদের সুচনা হয়। ১৮৭০ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ড় সময়ে স্থানীয় সরকার কাঠামোকে শক্তিশালী করে তৃণমূল পর্যায়ে জনগণের সেবাদানকারী বিশ্বস্ড় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে বিভিন্ন সরকার কর্তৃক ভিন্ন ভিন্ন নীতিমালা প্রনীত হলেও বহুবিধ সীমাবদ্ধতার কারণে আজও সর্ব-স্ড়রের জনগণের পূর্ণ সেবাদানকারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠতে সক্ষম হয়নি। এ নিয়ে সৃজনশীল নানা পরিকল্পনা গ্রহণের পাশাপাশি স্থানীয় সরকারের জবাবদিহিতা ও সু-শাসন প্রতিষ্ঠার উপর সরকার গুর"ত্বারোপ করেছে।

অপর দিকে ২০০০ সালের ভয়াবহ বন্যার পর থেকে অত্র ইউনিয়নের বেশীরভাগ এলাকা বছরের প্রায় ৩-৪ মাস পর্যন্ড় সময় জলাবদ্ধ অবস্থায় থাকে, কালের বিবর্তনে প্রায় প্রতিবছরই অন্যান্য আপদ যেমন: বন্যা, খরা, ঝড়, অতিবৃষ্টি, শিলাবৃষ্টি, আর্সেনিক ইত্যাদি নানাবিধ কারণে সৃষ্ট দুর্যোগজনিত ঝুঁকির ফলে এলাকার কৃষি নির্ভর পরিবারগুলো ফসল উৎপাদনে ব্যর্থ হয়ে দিন দিন দরিদ্র থেকে হতদরিদ্রে পরিনত হচ্ছে। মৌলিক চাহিদা পূরনার্থে মানুষ পেশা পরিবর্তন করে রিক্সা, ভ্যান চালনাসহ অন্যান্য অকৃষি কাজের দিকে ঝুঁকে পড়ছে। অভাবের তাড়নায় পরিবারের বিদ্যালয়গামী ছেলেমেয়েরা শিক্ষাবিমুখ হয়ে শিশুশ্রমের বিনিময়ে আয় রোজগারের দিকে ঝুঁকে পড়ছে। ফলে সমাজে নানবিধ অস্থিরতাও বৃদ্ধি পাচ্ছে। সবমিলে এলাকার মানুষের জীবন ও জীবিকা মারাত্মকভাবে হুমকীর সন্মুখীন এবং জাতীয় উন্নয়ন ব্যহত হচ্ছে। এহেন পরিস্থিতিতে সাধারণ দরিদ্র জনগণ প্রতিনিয়ত ত্রাণনির্ভর হয়ে পড়ছে। এলাকার সাধারণ জনগণ মনে করে যে, নির্বাচিত স্থানীয় সরকার প্রতিনিধিগণ দুর্যোগের কারণে সৃষ্ট ঝুঁকি নির"পন ও তা প্রশমনে কার্যকরী ভূমিকা রাখতে পারে, সে কারণে ইউনিয়ন পরিষদের বিদ্যমান সীমাবদ্ধতা দূর করে শক্তিশালী স্থানীয় সরকার হিসেবে গড়ে তুলতে পারলে দুর্গত এলাকার সার্বিক উন্নয়নে গুর"ত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে। সাম্প্রতিক বছর গুলোতে ইউনিয়ন পরিষদের উন্নয়ন বরাদ্দের উপর রাজনৈতিক নিয়ন্ত্রন আরোপিত হয়ে আসছে। অপরদিকে ইউনিয়ন পরিষদের উপর জনগণের দাবী, আস্থা ও চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

উলে- খিত সমস্যা নিরসনের লক্ষ্যে সম্প্রতি বাংলাদেশ সরকারের ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রনালয়, ইউএনডিপি ও ডিএফআইডি'র সহায়তায় দেশের দুর্যোগপ্রবণ জেলা, উপজেলা ও ইউনিয়ন সমূহের ভুক্তভোগী ত্রাণনির্ভর জনগোষ্ঠীর দুর্যোগের কারণ বিশে- ষণ করে সম্ভাব্য ঝুঁকি নির"পন ও তা প্রশমন পরিকল্পনা প্রনয়নে সিডিএমপি'র সার্বিক তত্ত্বাবধানে **সমাধান** সংস্থা সাতক্ষীরা জেলার অন্ড়র্গত কলারোয়া উপজেলার সোনাবাড়িয়া ইউনিয়নের কৃষক, নারী, ভূমিহীন ও প্রতিবন্ধী/বয়স্ক ইত্যাদি জনগণের স্বতঃস্ফুর্ত অংশগ্রহনে এবং ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সদস্যদের সার্বিক সহায়তায় অংশগ্রহণমূলক পদ্ধতিতে সিআরএ'র মাধ্যমে **এলডিআরআরএপি** শিরোনামে দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রনয়নের কাজ সম্পন্ন করে। পরবর্তীতে এই প্রনীত পরিকল্পনাসমূহ চলমান উন্নয়ন কার্যক্রমের মূলধারায় সম্পৃক্ত করণের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে বাস্ড়বায়ন করা যেতে পারে।

এলাকার মানুষ মনে করে যে, এই পরিকল্পনা বাস্ড়বায়ন হলে ইউনিয়নের দূর্যোগজনিত ঝুঁকি কমানো সম্ভব হবে। সাথে সাথে এলাকার মানুষ ক্ষয়-ক্ষতি থেকে রক্ষা পাবে। জীবন ও জীবিকার সন্ধানে এলাকা ছেড়ে অন্য এলাকায় যাওয়ার প্রবনতা অনেকাংশে কমে আসবে। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। অর্থনৈতিকভাবে ইউনিয়নবাসী লাভবান হবে।

পটভূমি ঃ

সোনাই বিধৌত অপরূপ প্রাকৃতিক সৌন্দর্য বিশিষ্ট সোনাবাড়িয়া ইউনিয়নের সৃষ্টি হয়েছে বলে প্রবীনদের কাছ থেকে যতদুর জানা যায়। নদীর স্রোতধারা সমূহ বিভিন্নভাবে গতি পরিবর্তন করে নতুন নতুন চর রেখে যাওয়াই নদীর ধর্ম। সোনাই পলিদ্বারা সোনাবাড়িয়া জনপদ গঠিত হয়েছে। বিশেষ করে সোনাবাড়িয়া ইউনিয়নের মাটি খুড়লে এখনও মাটির নিচে কাঠ এবং টিউবওয়েল ও ডিপটিউবওয়েল স্থাপনের সময় বিভিন্ন আকারের পাথর পাওয়া যায়। এ থেকে পরিলক্ষিত হয় যে, উক্ত অঞ্চল এক সময় সুন্দরবনের অংশবিশেষ ছিল। কালের বিবর্তনে বনভূমি ধ্বংস হয়ে তার উপর পলি জমে ভূ-ভাগ গঠিত হয়েছে এবং ভূ-ভাগ গঠনের পরবর্তীতে কৃষিকাজ শুর"র ফলে বসতি গড়ে উঠেছে।

উপকূলীয় অঞ্চলে তৎকালীন পাকিস্ড়ান আমলে আয়ূব খাঁন সরকারের সময় সবুজ বিপ- ব ঘটানোর জন্য ৬০-এর দশকে অপরিকল্পিতভাবে বেড়ীবাঁধ ও স্-ুইচগেট নির্মান করে। উলে- খ্য যে, দক্ষিণ-পশ্চিম অঞ্চলে ভূ-ভাগ গঠন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার আগেই উক্ত বেড়ীবাঁধ ও স্-ুইচগেট নির্মান করা হয়েছিল। এ অঞ্চলে প্রবাহিত নদীগুলি উজানের পানি থেকে যেমন বঞ্চিত হতে থাকে অপরদিকে বঙ্গোপসাগরের পলিদ্বারা দ্র“ত কপোতাক্ষ নদের তলদেশ ভরাট হতে থাকে। ভরাট প্রক্রিয়া বর্তমান পর্যন্ড় চলমান আছে। সোনাবাড়িয়া অঞ্চলের পানি নিষ্কাশনের একমাত্র মাধ্যম ঐতিহাসিক কপোতাক্ষ নদ। কপোতাক্ষ নদ ক্রমান্বয়ে পলিদ্বারা ভরাট হওয়ার কারণে সোনাবাড়িয়া ইউনিয়ন খুব কম পরিসরে ৮০ দশক থেকে জলাবদ্ধতার সুত্রপাত ঘটে এবং ক্রমান্বয়ে ২০০০ সালে তা প্রকট হতে প্রকটতর আকার ধারণ করে অত্র এলাকায় স্থায়ী জলাবদ্ধতার সৃষ্টি করছে, ফলে মানুষের জীবন ও জীবিকার উপর মারত্মক ক্ষতিকর প্রভাব পড়ছে। মানুষের সামাজিক, অর্থনৈতিক, পরিবেশসহ পারিবারিক জীবন দূর্বিসহ হয়ে উঠছে।

কেন এলাকায় সি .আর. এ করা হ'ল ঃ

খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় দীর্ঘকাল যাবৎ বাংলাদেশের দুর্যোগ প্রবন এলাকায় দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসুচির (সিডিএমপি) মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠির দুর্যোগ ঝুঁকি নিরূপন ও তা নিরসন কল্পে নানবিধ উদ্যোগ গ্রহন করেছে। বাংলাদেশ সরকারের খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রনালয় ত্রাণ ও পূনর্বাসন নির্ভর দুর্যোগ ঝুঁকি মোকাবেলার কৌশল পরিবর্তন করে দীর্ঘমেয়াদি ঝুঁকি নিরসন কার্যক্রম হাতে নিয়েছে। এ কর্মসূচির আওতায় প্রাকৃতিক, পরিবেশগত এবং মানবসৃষ্ট আপদ সমূহের প্রভাব থেকে জনসাধারণ বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর বিপদাপন্নতাকে একটি প্রশমনযোগ্য এবং সহনীয় মানবিক পর্যায়ে নিয়ে আসা ও খাদ্য নিরাপত্তা ব্যবস্থার নিশ্চয়তা বিধানের উদ্যোগ গ্রহন করেছে। এ পর্যায়ে **সিডিএমপি** দুর্যোগপ্রবণ জেলা ও উপজেলাসমূহ চিহ্নিত করে পরীক্ষামূলকভাবে দুর্যোগে ঝুঁকি নির“পন ও তা প্রশমন পরিকল্পনা প্রনয়নের কাজ শুর“ করে। এই উদ্যোগে সাতক্ষীরা জেলা দুর্যোগ প্রবন জেলা হিসেবে চিহ্নিত হয়।

এ জেলার কলারোয়া উপজেলাধীন সোনাবাড়িয়া ইউনিয়নে বন্যা, আর্সেনিক, জলাবদ্ধতা, খরা, ঝড় ও আর্সেনিক ইত্যাদি আপদের প্রবনতা অনেক বেশী। এছাড়া প্রতিবছরই কপোতাক্ষ নদের পানি উপছে এই ইউনিয়নের সোনাবাড়িয়া, কাঁকডাঙ্গা, গড়াখালী ও বোয়ালিয়া গ্রাম সমূহ ব্যাপক ভাবে প-াবিত হয়। প্রাথমিক কারণ হিসেবে উলে- খিত গ্রামগুলি একেবারেই নদীর পাশে অবস্থিত বলে জানা যায়, ফলে জনগণকে সারা বছর কোন না কোন আপদের দ্বারা সৃষ্ট দুর্যোগে ব্যাপক সম্পদ ও জীবনহানীর মত অপূরণীয় ক্ষয়-ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে। এতদলক্ষ্যে দেশ বিদেশের বিভিন্ন প্রকৌশলী বিশেষজ্ঞ বিভিন্ন সময়ে নানা প্রকার পরিকল্পনা প্রনয়ন ও বাস্ড়বায়ন করে থাকলেও সাধারণ মানুষের দুর্যোগজনিত ঝুঁকিসমূহ উলে- খযোগ্য হারে নিরসন হয়নি। ব্যর্থতার কারণ হিসেবে জানা যায় যে, প্রতিটি পরিকল্পনা প্রনয়ন ও বাস্ড়বায়নে এলাকার ভুক্তভোগী সাধারণ জনগণের উলে- খযোগ্য অংশগ্রহন এবং মতামত প্রদানের সুযোগ ছিল না। তাই আপদের কারণে সৃষ্ট ঝুঁকি নিরসনে সাধারণ মানুসের অংশগ্রহণ ও পরামর্শ সম্বলিত পরিকল্পনা প্রনয়নই এই প্রকল্পের একটি বিশেষ উদ্দেশ্য। সেই উদ্দেশ্য বাস্ড়বায়নার্থে এলাকার বিভিন্ন পেশার নারী ও পুর“ষের স্বতস্ফুর্ত অংশগ্রহণ ও মতামতের ভিত্তিতে সম্ভাব্য সকল আপদ ভিত্তিক ঝুঁকি চিহ্নিত করে তা প্রশমনের জন্য পরিকল্পনা প্রণয়ন ও অগ্রাধিকার ভিত্তিতে বাস্ড়বায়নের রূপরেখা তৈরীর লক্ষ্যেই **সি. আর. এ** করা হয়।

সোনাবাড়ীয়া ইউনিয়নের জনগণ, জীবন-জীবিকা ও প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যাবলী

সোনাবাড়ীয়া ইউনিয়নের জনগণ, জীবন-জীবিকা ও প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যাবলী ঃ

১। অবস্থান, আয়তন ও প্রকৃতি ঃ

অবস্থান ঃ

কলারোয়া উপজেলা সদর থেকে ৮ কিঃ মিঃ পশ্চিমে সোনাবাড়ীয়া ইউনিয়ন অবিস্থত। এই ইউনিয়নের পূর্বে হেলাতলা ইউনিয়ন। পশ্চিমে ভারত (ইন্ডিয়া), উত্তরে কেরালকাতা, চন্দনপুর ইউনিয়ন ও দক্ষিণে কেঁড়াগাছি ইউনিয়ন অবস্থিত।

আয়তন ঃ

ইউনিয়নের আয়তন প্রায় ১৮.৮৫ বর্গ কিঃ মিঃ। মোট ৮ টি গ্রাম নিয়ে ইউনিয়টি গঠিত। গ্রাম গুলো হলো- ভাদিয়ালী, রাজপুর, মাদরা, সোনাবাড়ীয়া, বেলী, চানদা, বড়ালী ও রামকৃষ্ণপুর।

প্রকৃতি ঃ

সোনাবাড়ীয়া ইউনিয়ন দেখতে অনেকটা বাংলা ব্যাঞ্জন বর্ণ **"ব"** অক্ষরের ন্যায়। ইউনিয়নটি পূর্ব-পশ্চিমের তুলনায় উত্তর দক্ষিণে কিছুটা লম্বা। এখানে সকল ধরণের ফসল উৎপাদন হয়ে থাকে। তবে উলে- খ যোগ্য ভাবে কৃষকগণ সব্জীর আবাদ করে থাকে। দমদম বাজার থেকে পাইকারী ব্যবসায়ীগণ সব্জী ক্রয় করে সাতক্ষীরাসহ অন্যান্য জেলায় রপ্তানি করে থাকে। এছাড়া শীত মৌসুমে ব্যাপক ভাবে রবিশস্য চাষ হয়ে থাকে। প্রাকৃতিক সৌন্দর্য্য কমবেশী ইউনিয়নের সর্বত্র বিদ্যমান।

প্রবীনদের সাথে আলোচনায় জানা যায় যে, সোনাবাড়ীয়া উচ্চ বিদ্যালয়ের দক্ষিণ দিকে সোনাবাড়ীয়া ও লাউডুবি সংলগ্ন রাস্ড়ার পশ্চিম পাশে কোম্পানী পুকুর অবস্থিত। ইংরেজরা (ইষ্ট ইন্ডিয়া কোম্পানী) এই পুকুরটি জনসাধারণের জলের কষ্ট নিবারণের জন্য খনন করেছিল। অনেকে আবার মনে করেন নীল পচানোর জন্য পৃথকভাবে এই পুকুরটি খনন করা হয়েছিল। সোনাবাড়ীয়া নীলকুঠি এই পুকুরের পশ্চিম পার্শ্বে অবস্থিত ছিল। সোনাবাড়ীয়া বাজারে রানী রাশমণির জমিদারী কাছারী ও অস্থায়ী বাসভবন ছিল। বর্তমান কৃষি ব্যাংকের উত্তর পার্শে ও সোনাবাড়ীয়া ইউপি অফিসের পূর্ব পার্শের বৃহৎ পুকুরটিও রানী রাশমণি খনন করেন। পুকুরের ঘাট এখনও বাধানো আছে তবে সংস্কারের অভাবে ঘাটটি নষ্ট হতে চলেছে। রাণী যখন সোনাবাড়ীয়া আসতেন এবং অবস্থান করতেন তিনি হাতীতে চড়ে পুকুরে গিয়ে শান বাধানো ঘাটে দাঁড়িয়ে স্নান করতেন।

রানী রাশমণি জমিদারী ক্রয়ের পূর্বে ইংরেজরা নায়েবের মাধ্যমে জন সাধারণের কাছ থেকে জোর জুলুম করে খাজনা আদায় করতো। খাজনা বাকী থাকলে চাবুক মারা, ঘরবাড়ী ভাঙ্গা, ঘরবাড়ি দখল করা ছাড়াও ইংরেজ আমলে সোনাবাড়ীয়ার জমিদারের খাজনা আদায়ে ব্যতিক্রমধর্মী অত্যাচারের কাহিনী আছে। খাজনা দিতে ব্যর্থহলে কৃষকদের জমিদারের কাছারীর সম্মূখে প্রচন্ড ও উত্তপ্ত টানা রোদের মধ্যে খুটির সঙ্গে পিঠমোড়া দিয়ে বেঁধে রাখা হতো এবং সুর্য়ের দিকে তাকিয়ে থাকতে বাধ্য করা হতো। এই ভাবে সূর্যোদয় থেকে সুর্যাস্ড় পর্যন্ড় কৃষকদের প্রতি অত্যাচার করা হতো। প্রতিদিন সূর্যাস্ড় পর্যন্ড় এই নিয়ম পালন করা হতো বলে ইংরেজরা এটাকে "সানসেটল" নামে আখ্যায়িত করে ছিল। সোনাবাড়ীয়ার কাছারীর সম্মুখস্ড় চত্বরে সূর্যের উত্তাপ অত্যন্ড় প্রচন্ড, ক্ষিপ্র, প্রখর ও অসহ্য ছিল। সারা দিন কাঠ ফাটা রোদের মধ্যে সুর্যের দিকে মুখ করে দাঁড়িয়ে থেকে কৃষকদের শরীরে ফোসকা পড়ে যেতো। তাই একটা প্রবাদ বাক্যপ্রচলিত ছিল "রোদ দেখোতো সোনাবাড়ীয়ার কাছারী যাও"।

সোনাবাড়ীয়া ইউনিয়ন কাপড়ের কল ও বস্ত্র শিল্পেও বেশ উন্নত ছিল। ব্যবসায়িক দিক দিয়েও ইংরেজরা সোনাবাড়ীয়া থেকে প্রচুর অর্থ উপার্জন করত। ফলে ইংরেজরা সোনাবাড়ীয়াকে গোল্ড বাড়িয়া বলে আখ্যায়িত করত। পরবর্তীতে গোল্ডবাড়ীয়া থেকে বাংলায় এলাকারটি সোনাবাড়ীয়া নামে আত্ম প্রকাশ করে।

২। জনসংখ্যা ঃ

ইউনিয়নে মোট জন সংখ্যা ২১,১৪০ জন, তন্মধে পুরুষ ১০,৭৮৩জন, নারী ১০,৩৫৭ জন। এর মধ্যে বিপদাপন্ন জন সংখ্যা ৫৩০০জন, শিশু ৯১০ জন, বৃদ্ধ ২০২৩ জন (পুরুষ-৯২৯ জন, নারী-১০৯৪ জন)।
তথ্যসূত্র ঃ উপজেলা স্বাস্থ্য কমপে- ক্স।

৩। শিক্ষা ঃ

সোনাবাড়ীয়া ইউনিয়নের শিক্ষার হার প্রায় ৫৫%। **সরকারী ও বে-সরকারী** বিদ্যালয় ভিত্তিক ছাত্রছাত্রীর সংখ্যা ও উপবৃত্তির তথ্য নি ম্নে উলে- খ করা হ'ল-

সরকারী প্রাথমিক বিদ্যালয়ের তথ্য ঃ

ক্রম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	ছাত্র	ছাত্রী	মোট	উপবৃত্তি প্রাপ্ত	
					ছাত্র	ছাত্রী
১.	সোনাবাড়ীয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	২২৯	২০২	৪৩১	৭৬	৯২
২.	ভাদিয়ালী সরকারী প্রাথমিক বিদ্যালয়	৯৫	৭৯	১৭৪	৩৮	৩০
৩.	রাজপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়	৬৮	৮৩	১৫১	২৫	৩১
৪.	রামকৃষ্ণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়	৭৮	৯৩	১৭১	৩৩	৩২
৫.	বড়ালী সরকারী প্রাথমিক বিদ্যালয়	৭২	৮৭	১৫৯	২৭	৩২
মোট ঃ		৫৪২	৫৪৪	১০৮৬	১৯৯	২১৭

বে-সরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়ের তথ্য ঃ

ক্রম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	ছাত্র	ছাত্রী	মোট	উপবৃত্তি প্রাপ্ত	
					ছাত্র	ছাত্রী
১.	দক্ষিণ ভাদিয়ালী বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	৭৭	৮০	১৫৭	২০	২৫
২.	উত্তর ভাদিয়ালী বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১০৪	৮৯	১৯৩	৪৩	৩৩
৩.	পূর্ব ভাদিয়ালী বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৩১	৯২	২২৩	৪৭	৪২
৪.	মাদরা বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	৯৮	৬৫	১৬৩	৪০	২৫
৫.	বেলী বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	৯৫	৭৬	১৬৮	২৯	২১
মোট ঃ		**৫০৫**	**৪০২**	**৯০৪**	**১৭৯**	**১৪৬**

মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার তথ্য ঃ

ক্রম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	ছাত্র	ছাত্রী	মোট	উপবৃত্তি প্রাপ্ত	
					ছাত্র	ছাত্রী
১.	ভাদিয়ালী মাধ্যমিক বিদ্যালয়	৪০০	২৫৩	৬৫৩	০	২৪৫
২.	সোনাবাড়ীয়া সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়	৩৯০	২৩৪	৬২৪	০	২১৫
৩.	রামকৃষ্ণপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়	০	২০২	২০২	০	১৪২
৪.	শ্রীরামপুর মাধ্যমিক বিদ্যালয়	২৩০	৮৭	৩১৭	০	৮৭
৫.	ওমার খাত্তাব (আঃ) দাখিল মাদ্রাসা	১৬৩	১৯২	৩৫৫	৪৮	৬৭
মোট ঃ		১১৮৩	৯৬৮	২১৫১	৪৮	৭৫৬

উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ঃ

ক্রম	**শিক্ষা প্রতিষ্ঠানের নাম**	**ছাত্র**	**ছাত্রী**	**মোট**	**উপবৃত্তি প্রাপ্ত**	
					ছাত্র	**ছাত্রী**
১	**সোনার বাংলা কলেজ**	২৮৬	১৩৪	৪২০	০	৮৯
মোট ঃ		২৮৬	১৩৪	৪২০	০	৮৯

তথ্যসূত্র ঃ উপজেলা শিক্ষা অফিস।

৪। **স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা ঃ**

ইউনিয়নের সক্ষম দম্পতি ৪,৫৩১ জন । জন্ম হার ২.২৪% এবং মৃত্যু হার ১.৮ %। একমাত্র স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রটি সোনাবাড়ীয়া বাজারে অবস্থিত তবে এখানে কোন জরুরী স্বাস্থ্য কেন্দ্র নাই। পয়:নিষ্কাশনের মধ্যে পাঁকা পায়খানা ৩৯৮২ টি, কাঁচা পায়খানা ৮৯৩ টি ও অন্যান্য ২৬৬ টি। আর্সেনিক যুক্ত নলকূপের সংখ্যা প্রায় ১৮০০ টি, আর্সেনিক মুক্ত গভীর নলকূপের সংখ্যা ৪৮ টি এবং অকেজো আর্সেনিক মুক্ত টিউবওয়েলের সংখ্যা ২০ টি প্রায়।

৫। যোগাযোগ ঃ

ইউনিয়নের মধ্যে মোট পাঁকা রাস্ড়ার পরিমান প্রায় ১৫ কিঃ মিঃ, ইট বিছানো রাস্ড়া প্রায় ১০ কিঃ মিঃ, কাঁচা রাস্ড়া প্রায় ২৫ কিঃ মিঃ। কালভাট প্রায় ৩০০ টি, ঝুঁকি পূর্ণ সেতু নাই। সাধারণ মানুষের প্রধান যাতায়াত ও পরিবহন ব্যবস্থা ভ্যান। ইউনিয়নের মধ্যে মোট ভ্যানের সংখ্যা প্রায় ১৫০ খানা। ইঞ্জিন চালিত ভ্যান ৪১খানা। মোটর সাইকেল (ভাড়ায় চালিত)- ২৫ খানা। ইউনিয়নের মধ্যে উলে- খ যোগ্য কোন প-াবিত রাস্ড়া নাই। (তথ্যসুত্র ঃ ইউনিয়ন পরিষদ)

এলাকার বেশীর ভাগ মানুষের যাতায়াতের প্রধান মাধ্যম হলো ভ্যান, ইঞ্জিন ভ্যান, বাইসাইকেল, মোটর সাইকেল। এছাড়া,যে সমস্ড় এলাকার রাস্ড়াগুলি কাঁচা তারা বর্ষা মৌসুমে পায়ে হেঁটে যাতায়াত করে। মালামাল এক স্থান থেকে অন্য স্থানে পরিবহনের জন্য স্থানীয় ভাবে তৈরী ইঞ্জিন ভান ব্যবহার করে থাকে। তবে বন্যা কালীন সময়ে যখন রাস্ড়া ডুবে যায় তখন কাঠের তৈরী নৌকা ব্যবহার করে থাকে।

৬। নদী, খাল, বিল ও জলাশয় ঃ

নদী- ১টি, সোনাই নদী, ইউনিয়নের মধ্যে নদীর দৈর্ঘ্য ৪ কিঃ মিঃ।
খাল- ১ টি, খালটি সোনাই খাল নামে পরিচিত যার দৈর্ঘ্য ১৫ কিঃ মিঃ।
বিল -১৫ টি।

- ভাদিয়ালীর বিল
- সোনাবাড়ীয়ার বিল
- রামকৃষ্ণপুর বিল
- রাজপুরের বিল
- বড়ালীর বিল
- ন'কাঠির বিল
- সমর বিল
- দাকোপার বিল
- কদম তলার বিল
- কচুর বিল
- চাঁনদার বিল
- বেলীকুড়ের বিল
- বুজ তলার বিল
- সমরার বিল
- লাউ ডুবির বিল

ইউনিয়নে কোন জলাশয় নাই।

স্থায়ী জলাবদ্ধতা বিল ঃ

- ভাদিয়ালীর বিল
- সোনাবাড়ীয়ার বিল
- রামকৃষ্ণপুর বিল
- রাজপুরের বিল।
- বড়ালীর বিল।
- ন'কাঠির বিল।

ইউনিয়নের একেবারেই পশ্চিম পাশ দিয়ে সোনাই নদী বয়ে গেছে। বর্তমানে নদীতে কোন জোয়ার ভাটা সংঘটিত হয়না এবং লবন পানি আসার কোন সম্ভবনা নাই। নদীর নাব্যতা হারিয়ে জলাবদ্ধতার সৃষ্টি করছে এবং দিন দিন খাল ও নদীর নাব্যতা কমে যাচ্ছে।

খরা ঃ বড়ালী, শ্রীরামপুর, রামকৃষ্ণপুর ও উত্তর সোনাবাড়ীয়ায় খরা মৌসুমে ব্যাপক খরা দেখা দেয়।

বন্যা ঃ সোনাই নদীর তীরঘেসে বড়ালী, ভাদিয়ালী, রাজপুর ও দক্ষিণ সোনাবাড়ীয়ায় বন্যা দেখা দেয়।

সেচ ঃ ইউনিয়নের অধিকাংশ ভূমি বেলে দোঁ-আশ মাটি দ্বারা গঠিত হওয়ায় মাটির পানি ধারণ ক্ষমতা খুবই কম। যার ফলে শুকনা মৌসুমে ফসল উৎপাদনের জন্য ভূগর্ভস্থ পানির প্রয়োজন। চাষাবাদ করার জন্য ভূগর্ভস্থ পানি ব্যবহার করা হয়। ভূগর্ভস্থ পানি উত্তোলনের জন্য ডিপটিউবওয়েল ৪৫ টি(বিদ্যুৎ চালিত- ১৩ টি, ডিজেল চালিত ৩২ টি) স্যালো টিউবওয়েল ৩০০ (বিদ্যুৎ চালিত ৩০ টি বাকী ২৭০ টি ডিজেল ইঞ্জিন চালিত)

৭। **অর্থনৈতিক কর্মকা ঃ**

কৃষি ঃ

অর্থনৈতিক কর্মকা র মধ্যে কৃষি ৫০%, দিনমজুর ৩০%, ব্যবসায়ী ২%, মাছ চাষ ৫%, চাকুরী ২%, হস্ড়শিল্প ২%, মৎস্য জীবি ৫% ও অন্যান্য ৪% পরিবার। এলাকার লোকজনের জীবিকা নির্বাহের প্রধান উপায় হ'ল কৃষি কাজ। কৃষি কাজের মধ্যে উলে-খযোগ্য হচ্ছে সেচ ব্যবস্থার মাধ্যমে বোরো ধান চাষ করা। তাছাড়া একটু উঁচু জমিতে রবি মৌসুমে খেসাড়ী, অড়হর, পিয়াজ, সরিষা, গম, মসুরী, আলু ইত্যাদির চাষ করে। শীতকালে উঁচু জমিতে কপি, শিম, বেগুন, টমেটো, লাউ-এর চাষ হয়ে থাকে। তাছাড়া কৃষির পাশাপশি অনেক পরিবার বাড়ীর পাশের উঁচু জমিতে বাণিজ্যিক ভিত্তিতে কুল ও তুলার চাষ করে অর্থনৈতিক ভাবে লাভবান হচ্ছে।

দিন মজুর ঃ

আষাঢ় থেকে আশ্বিন মাস পর্যন্ড় বৃষ্টিপাতের ফলে এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয় এবং এসময় এলাকায় কৃষি কাজের সুযোগ কিছুটা কম থাকে। ফলে দিন মজুরের উপর নির্ভরশীল জনগণ বেকার হয়ে পড়ে এবং অভাবের মধ্যে দিয়ে দিন অতিবাহিত করে। অধিকাংশ দিনমজুর কৃষি কাজের সাথে সম্পৃক্ত এবং সারা বছরই কম বেশী কৃষি কাজ করে জীবিকা নির্বাহ করে থাকে। উলে-খযোগ্য পরিমান মজুরী বৃদ্ধি পায় অগ্রহায়ণ, পৌষ, বৈশাখ ও জ্যৈষ্ঠ মাসে। এই সময় বোরো ধান রোপন ও কর্তনের সময়। তাছাড়া বর্ষা মৌসুমের পূর্বে মৎস্যঘের তৈরী করার সময় শ্রমিকের মজুরী বেড়ে যায়। মাঝে মধ্যে কাজের সন্ধানে সীমান্ড় বর্তী এলাকার খেটে খাওয়া জনগণ সময় সুযোগ বুঝে পার্শ্ববর্তী দেশ ভারতে যেয়ে থাকে।

মুদি ব্যবসা ঃ

সোনাবাড়ীয়া ইউনিয়নের কিছু কিছু লোক রাস্ড়ার পাশে, তিন রাস্ড়ার মোড়, চৌরাস্ড়া মোড় এবং বাজারে মুদি ব্যবসা করে জীবিকা নির্বাহ করে থাকে। তাছাড়া কিছু নারী এবং পুর ষ বাড়িতে, বাড়ীর বারান্দায় এবং কাঠদ্বারা নির্মিত বাড়ীর এরিয়া সংলগ্ন এলাকায় সাংসারিক নিত্য প্রয়োজনীয় দ্রব্য দোকানে বিক্রি করে থাকে। ইউনিয়নের বড় ব্যবসায়ীগণ সাধারণত সোনাবাড়ীয়া ও রামকৃষ্ণপুর বাজার ছাড়াও কলারোয়া বাজারে ব্যবসা করে অর্থ উপার্জন করে থাকে।

সব্জী ব্যবসা ঃ

এলাকার স্থানীয় কিছু সংখ্যক সব্জী ব্যবসায়ী সব্জী উৎপাদনকারীর (সব্জী চাষী) নিকট থেকে সপ্তাহের নির্ধারিত হাটবারে ক্রয় করে স্থানীয় বাজারে বিক্রি করে জীবিকা নির্বাহ করছে।

কাঠ ব্যবসা ঃ

প্রতিটি গ্রামে কম বেশী কাঠ ব্যবসায়ী আছে। ব্যবসায়ীগণ গ্রামে গ্রামে ঘুরে গাছ ক্রয় করে। গাছকে তারা দুই ভাগে ভাগ করে একাংশ লগ (ফার্নিচারের জন্য)অপর অংশ জ্বালানী। জ্বালানী কাঠ স্থানীয় ভাবে ও স্থানীয় বাজারে বিক্রি করে। লগ কাঠ গুলি বাজারের অবস্থা বুঝে স্থানীয় ভাবে অথবা এলাকার বাইরে বিক্রি করে।

মৎস্য চাষ ঃ

সোনাবাড়ীয়া ইউনিয়নে কম বেশী বিভিন্ন প্রজাতির মাছচাষ হয়ে থাকে। যেমন-সাদা মাছ (র ই, কাতল, কালবায়স, তেলাপিয়া, মৃগেল, পাঙ্গাশ, বাটা) চিংড়ি মাছ- গলদার চাষ হয়ে থাকে। বাণিজ্যিক ভিত্তিতে শুধু মাত্র চিংড়ি মাছের চাষ হয়ে থাকে। এছাড়া অনেক পুকুর ও ঘেরে পরিকল্পিত উপায়ে র ই, কাতলা, কালবায়স, তেলাপিয়া, মৃগেল পাঙ্গাশ, বাটা মাছ চাষ হয়ে থেকে। আষাঢ় ও শ্রাবণ মাস থেকে পৌষ মাস পর্যন্ড় মাছ চাষ হয়ে থাকে। অনেক ধনী মৎস্যচাষী ডিপ টিউবওয়েলের পানি দ্বারা ফাল্গুন চৈত্র মাসেও মাছ চাষ করে অর্থনৈতিক ভাবে লাভবান হচ্ছে।

মৎস্যজীবি ঃ

সোনাবাড়ীয়া ইউনিয়নে সাধারণত হিন্দু ও মুসলিম দুই সম্প্রদায়ের লোক মৎস্য আহরণ করে জীবিকা নির্বাহ করে থাকে। হিন্দু মৎস্য জীবিদের বলা হয় পাড়ই/জেলে ও মুসলিম মৎস্য জীবিদের বলা হয় নিকারী। এই লোক গুলি এলাকার নদী, খাল, বিল, জলাশয় থেকে মৎস আহরণ করে।

এছাড়া অন্যের পুকুরে মাছ ধরা কাজে শ্রম নিয়ে জীবিকা নির্বাহ করে থাকে। অগ্রাহায়ণ, পৌষ ও আষাড়-শ্রাবণ মাসে বেশী পরিমান মাছ ধরা পড়ে। বাকীটা সময় মৎস্যজীবিগণ অতিকষ্টের সাথে দিন অতিবাহিত করে থাকে। এ ছাড়া ধনী মৎস্য চাষীদের মৎস্যঘের ও পুকুরে মাছ ধরে জীবিকা নির্বাহ করে।

বিভিন্ন সরকারী, বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী ঃ

এলাকার শিক্ষিত ব্যক্তিগণ কম বেশী সরকারী ও বে-সরকারী প্রতিষ্ঠানে কর্মরত আছে। তাদের চাকুরীর অর্থদ্বারা জীবন যাপন করছে। যাদের মাসিক বেতন তুলনামূলক বেশী তারা উন্নত ভাবে জীবন যাপন করে এবং তারা অর্থনৈতিকভাবে সমৃদ্ধ।

হস্ড় শিল্প (বাঁশ, বেত) ঃ

ঋষি সম্প্রদায়ের লোক বাঁশ ও বেতের কাজ করে থাকে। বাঁশ দিয়ে ঝুঁড়ি, ডালা, বসার মোড়া, চাঙ্গারী, ফুলদানী, দোলনা, চাচ, কূলা, আওড়ী ইত্যাদি, বেত দ্বরা ধামা, বেতের চেয়ার, বেতের খুচি ও বিভিন্ন খেলনা তৈরী করে)।

ভ্যান শ্রমিক ঃ

আষাঢ়, শ্রাবণ ও ভাদ্রমাসে বৃষ্টির কারণে কাঁচা রাস্ড়ায় ভ্যান চলাচলের অনুপোযোগী হয়ে পড়ে, ফলে ভ্যান শ্রমিকদের আয়ে ভাটা পড়ে। তখন তারা এলাকা ছেড়ে শহর অঞ্চলে গিয়ে রিক্সা চালায়, এ সময় তারা প্রতিদিন বাড়ী ফিরতে পারে না। সপ্তাহে ১ দিন বাড়ী আসে। শহরের ভাড়া করা রিক্সার ভাড়া পরিশোধের পর সামান্য অর্থ হাতে থাকে, তা দিয়ে পরিবার পরিজনের খাবারসহ অন্যান্য খরচ মেটানো কষ্টকর হয়ে পড়ে ইউনিয়নের মধ্যে ০.৭৩% লোক ভ্যান/রিক্সা চালানোর সাথে সম্পৃক্ত। এছাড়া ২০০৫ সাল থেকে সোনাবাড়িয়া ইউনিয়নে ইঞ্জিনভ্যান ও টলির প্রচলন শুর“ হয়। ইউনিয়নের মাধ্যে প্রায় ৪১ খানা ইঞ্জিন চালিত ভ্যান আছে।

শিশুশ্রম ঃ

এলাকার দরিদ্র এবং হত দরিদ্র পরিবারের ছেলে এবং মেয়ে/ এতিম শিশুরা জীবিকা নির্বাহের জন্য বিভিন্ন খাবারের হোটেল, চায়ের দোকান, মুদি দোকান, লেদ কারখানা, ওয়েল্ডিং-এর দোকানে অভাবের তাড়নায় কাজ করে থাকে। মালিকগণ শুধু মাত্র খাদ্যের বিনিময়ে শ্রম নিয়ে থাকে। মেয়েরা বাসা বাড়িতে ঝিয়ের কাজ করে থাকে। জীবনের ঝুঁকি নিয়ে তাদেরকে অনেক কঠিন কাজ করতে হয়। এছাড়া দরিদ্র এবং হত দরিদ্র পরিবারের ছেলেরা বছরের ৬ মাসের চুক্তিতে ধনী ব্যক্তিদের বাড়ীতে কাজ করে থাকে। বিশেষ করে শীত মৌসুমে এ ধরণের চুক্তি ভিত্তিক অর্থনৈতিক কর্মকান্ড করে থাকে।

মহিলাদের আয়ের উৎস ঃ

হাঁস, মুরগী পালন, গর“-ছাগল পালন, হাতের কাজ, নকশী কাঁথা, ঝিয়ের কাজ ছাড়াও পুর“ষের পাশাপাশি মহিলারা মাঠে কৃষিকাজ সহ অন্যান্য সকল কাজ করে থাকে। কিন্ড় পুর“ষের তুলনায় মহিলারা পারিশ্রমিক কম পায়।

যুব কর্মসংস্থান ঃ

ইউনিয়নের যুব সম্প্রদায় বিভিন্ন রকম কর্মসংস্থানের সাথে জড়িত। যেমন- কৃষি, ভ্যানচালনা, দিনমজুর, সরকারী, বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী, মাছ চাষ, মুরগীর খামার, গর“ মোটাতাজাকরণ ইত্যাদি।

হাট-বাজার ঃ

সোনাবাড়ীয়া ইউনিয়নে হাট-বাজারের সংখ্যা ২ টি, যথা- সোনাবাড়ীয়া বাজার ও রামকৃষ্ণপুর বাজার। ইউনিয়নের সহজ লভ্য যোগাযোগের একমাত্র মাধ্যম হল ভ্যান ও ইঞ্জিনভ্যান।

কাবিখা ঃ

- রাজপুর রাজ্জাক সাহেবের মোড় থেকে বাগীর পুকুরের পাশ পর্যন্ড় ৫০,০০০ টাকা
- সোনাই ব্রীজের দুই পাশে মাটি ভরাট ৫০,০০০ টাকা
- উত্তর ভাদিয়ালী প্রাথমিক বিদ্যালয়ের পিছন থেকে সিদ্দিকের বাড়ী পর্যন্ড় কাঁচা রাস্ড়া নির্মান ১,৪০,০০০ টাকা
- বড়ালী দাতোলার বিল থেকে চানদার স্-ুইচ গেট পর্যন্ড় খাল খনন ৭৫,০০০ টাকা

৮। **ধর্ম ঃ** মুসলমান ৯৫%, হিন্দু ৪% খ্রীষ্টান ১%।

৯। **সামাজিক দল ঃ** তাঁতী, কামার, কুমার ও নাপিত ইত্যাদি।

১০। **প্রতিষ্ঠান ঃ**

সরকারী প্রাথমিক বিদ্যালয় ঃ

- **সোনাবাড়ীয়া** সরকারী প্রাথমিক বিদ্যালয় (খেলার মাঠ আছে)
- ভাদিয়ালী সরকারী প্রাথমিক বিদ্যালয়
- রাজপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়
- রামকৃষ্ণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়
- বড়ালী সরকারী প্রাথমিক বিদ্যালয়

বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ঃ

- দক্ষিণ ভাদিয়ালী বে -সরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়
- উত্তর ভাদিয়ালী বে-সরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়
- পূর্ব ভাদিয়ালী বে -সরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়
- মাদরা বে -সরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়
- বেলী বে -সরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়

মাধ্যমিক বিদ্যালয় ঃ

- ভাদিয়ালী মাধ্যমিক বিদ্যালয় (খেলার মাঠ আছে)
- সোনাবাড়ীয়া সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয় (খেলার মাঠ আছে)
- রামকৃষ্ণপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় (খেলার মাঠ আছে)
- শ্রীরামপুর মাধ্যমিক বিদ্যালয়

মাদ্রাসা ঃ

- ওমর খাত্তাব (আঃ) দাখিল মাদ্রাসা(খেলার মাঠ আছে)

কলেজ ঃ

- সোনার বাংলা কলেজ(খেলার মাঠ আছে)

মসজিদ - ৩৫ টি
মন্দির - ২ টি (দক্ষিণ সোনাবাড়িয়া ও দক্ষিণ ভাদিয়ালী)

সরকারী অফিস ঃ ৬ টি (বিডিয়ার ক্যাম্প, পোষ্ট অফিস, ভূমি অফিস, কৃত্রিম প্রজনন কেন্দ্র, কৃষি ব্যাংক, ইউনিয়ন পরিষদ)

১১। **আশ্রয় কেন্দ্র ঃ**

সরকারী বা বে-সরকারী কোন আশ্রয় কেন্দ্র সোনাবাড়ীয়া ইউনিয়নে নাই।

১২। **এনজিও ঃ**

স্থানীয় এনজিও ঃ

সমাধান -স্থানীয় দুর্যোগের ঝুঁকি মোকাবেলা ও প্রশমনের জন্য কাজ করে থাকে।
আইডিও - দূর্যোগের ঝুঁকি মোকাবেলা ও প্রশমনের জন্য কাজ করে থাকে।

জাতীয় এনজিওঃ

ব্র্যাক - ওয়াটার এ্যান্ড স্যানিটেশন, ঋণ, শিক্ষা।
আশা – শুধু মাত্র ঋণ কার্যক্রম পরিচালনা করে থাকে।
গ্রামীন ব্যাংক - শুধু মাত্র ঋণ কার্যক্রম পরিচালনা করে থাকে।

১৩। **হাট ঃ**

সোনাবাড়ীয়া ইউনিয়নে ২ টি হাট যথা- ১. সোনাবাড়ীয়া, ২. রামকৃষ্ণপুর হাট। অধিকাংশ জনগণ মালামাল ক্রয়-বিক্রয় করে থাকে। এলাকার উৎপাদিত কৃষি যেমন- ধান, পাট, চাল, ডাল, তেল, লবন, পেঁয়াজ, রসুন, আলু, গম বিভিন্ন প্রকার সব্জী, মৌসুমি ফল, আম, জাম, কাঁঠাল, কলা, ছফেদা বাজারে ক্রয়-বিক্রয় হয়ে থাকে।

১৪। **বাজার ঃ**

সোনাবাড়ীয়া ইউনিয়নে ২ টি বাজার আছে। বাজারটি প্রতিদিন চলে, যার ফলে এলাকার লোকজনের নিত্য প্রয়োজনীয় মালামাল কেনা বেচা করে থাকে। বাজার দুটি হলো - উত্তর সোনাবাড়িয়া, রামকৃষ্ণপুর ।

১৫। **খেলার মাঠ ঃ**

১. সোনার বাংলা কলেজ মাঠ
২. সোনাবাড়ীয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠ
৩. সোনাবাড়ীয়া মাধ্যমিক স্কুল মাঠ
৪. সোনাবাড়ীয়া ওমর খাত্তাব (রাঃ) দাখিল মাদ্রাসা মাঠ
৫. রামকৃষ্ণপুর বালিকা বিদ্যালয় মাঠ
৬. ভাদিয়ালী মাধ্যমিক বিদ্যালয় মাঠ

খেলার মাঠ বর্ষাকালে ব্যবহারের অনুপোযোগী হয়ে পড়ে। দীর্ঘ দিন মাঠ সংস্কার করা হয়নি যার ফলে বর্ষা মৌসুমে মাঠের বিভিন্ন স্থানে পানি বেঁধে থাকে। বর্ষা মৌসুমে ফুটবল খেলার খুব অসুবিধা হয়। শুষ্ক মৌসুমে মাঠ নিয়মিত ব্যবহৃত হয়ে থাকে। এখানে ফুটবল, ক্রিকেট, ভলিবল ও হা-ডু-ডু খেলা হয়ে থাকে।

১৬। **সাংস্কৃতিক অনুষ্ঠান ঃ**

বিভিন্ন জাতীয় দিবস পালন হয়ে থাকে যেমন- শহীদ দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবসে স্কুলে কবিতা আবৃতি, গজল, গান ও নাটক মঞ্চস্থ হয়ে থাকে।

হিন্দু সম্প্রদায়ের বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান যেমন-দূর্গাপুঁজা, কালীপুজা, স্বরস্বতী পুঁজা ইত্যাদিতে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়ে থাকে। এ ছাড়াও বিভিন্ন তিথিতে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান হয়ে থাকে।

মুসলমান সম্প্রদায়ের ঈদ, সবেবরাত, বার্ষিক ওয়াজ মাহফিল হয়ে থাকে।

১৭। **রাজনৈতিক সংগঠন ঃ**

- বি.এন.পি
- আওয়ামী লীগ
- জামায়াতে ইসলামী বাংলাদেশ
- জাতীয় পাটি

১৮। **ভূমি ও ভূমির ব্যবহার ঃ**

ক্রমিক নং	বিবরণ	মোট পরিমান (একর)	মন্ড়ব্য
১.	সমতল ভূমি	৪৫৯৪.২	
২.	আবাদী জমি	৩২৬০.৪	
৩.	অনাবাদী জমি	৪৯৪	
৪.	পুকুর	১৭২.৯	
৫.	বন	১২৩.৫	
৬.	ফলবাগান	২০৯.৯৫	
৭.	১ ফসলী জমি	৪৯.৪	
৮.	২ ফসলী জমি	২০৮৭.১৫	
৯.	৩ ফসলী জমি	১০৭৯.৩৯	

১৯। **মাটির প্রকৃতি ঃ** বেঁলে দো-আঁশ মাটি ৪০% ও এঁটেল মাটি ৬০% ।

২০। **বাঁধ ঃ**

সোনাবাড়ীয়া ইউনিয়নে কোন বাঁধ নাই। স্লুইচ গেট ২টি একটি উত্তর সোনাবাড়ীয়া, অপরটি চানদায়। ইউনিয়নের মধ্যে প্রায় ১৬৫ টি, ছোট বড় কালভাট আছে। তবে ঝুঁকিপূর্ণ কোন বাঁধ বা সেতু নাই।

২১। **কৃষি ঃ**

মোট আবাদী জমির পরিমান ৩২৬০.৪ একর, অনাবাদী জমির পরিমান ৪৯৪ একর, শস্য ক্ষেতের পরিমান ৩২১৫.৯৪ একর। সেচের আওতাধীন জমির পরিমান ৩২১১ একর প্রায়।

- আমন ও বোরো ধান চাষ করা হয়। (আমন-আষাঢ় হতে অগ্রাহয়ন মাস, বোরো-পৌষ হতে বৈশাখ মাস পর্যন্ড়)।
- এছাড়া উঁচু জমিতে উন্নত জাতের আম ও কুলের চাষ করে থাকে।
- সমতল জমিতে ধান, পাট ও বিভিন্ন জাতের সব্জী যেমন- পটল, উচ্ছে, বেগুন, সীম, মরিচ, ও আলুর চাষ হয়ে থাকে।
- বড় বড় পুকুর গুলোতে বাণিজ্যিক ভিত্তিতে র“ই, কাতলা, মৃগেল সিলভারকার্প, গ্রাসকার্প, পাঙ্গাশ ও তেলাপিয়া মাছের চাষ হয়ে থাকে।
- মৎস্য ঘের গুলিতে গলদা ও র“ই, মৃগেল, কমনকার্প, গ্রাসকার্প মাছের চাষ হয়ে থাকে।

শুধু মাত্র ২০০০ সালের বন্যার সময় সোনাবাড়ীয়া ইউনিয়নটির মোট আয়তনের ৯০% এলাকা ব্যাপক ভাবে প-াবিত হয়ে ছিল। এ বন্যায় এলাকার মানুষকে সর্বশান্ড় ও নিঃস্ব করেছে। যার ফলে অর্থনৈতিক অবস্থা একেবারেই দূর্বল হয়ে পড়েছে। ২০০১ সাল থেকে ২০০৬ এর মধ্যে কোন বন্যা সংগঠিত হয়নি বলে এলাকার সাধারণ জনগণ জানান।
এলাকায় খরার প্রবনতা একটু বেশী। বন্যা ও খরায় ধান, পাট, সব্জীসহ বিভিন্ন ধরণের ফসলের ব্যাপক ক্ষতি করে। ঘূর্ণিঝড়ে ফসল, আউশ ধান ও ফলের মৌসুমে কম বেশী ক্ষতি করে। তবে ঝড়ে অত্র ইউনিয়নে ব্যাপক আকারে কোন ক্ষতি হয়নি।
ফসল উৎপাদনের জন্য এলাকার কৃষিজীবি জনগণ প্রয়োজনের তাগিদে ফসলের মাঠে ডিপ ও স্যালো মেশিন স্থাপন করেছে। গভীর নলকূপের (ডিপ) সংখ্যা ৪৫ টি এবং অগভীর নলকূপের (স্যালো) সংখ্যা প্রায় ৩০০ টি।

২২। **খাদ্য ঃ**

এলাকার খাদ্য চাহিদার পরিমান ২৮৭০ মেঃ টন, উৎপাদনের পরিমান ৬৫৮৫ মেঃ টন, বছরে চাহিদা মিটানোর পর উদ্বৃত্ত থাকে ৩৭১৫ মেঃ টন। ইউনিয়নে ফসল উৎপাদনের তুলনায় বর্তমান কোন খাদ্য ঘাটতি নাই। একমাত্র খাদ্যগুদামটি সোনাবাড়ীয়া বাজারস্থ পরিষদের অনতিদুরে অবস্থিত। যার ধারণ ক্ষমতা ৮ মেঃ টন। গোডাউনে বর্তমানে কোন খাদ্যশস্য মজুদ নাই।

এলাকার মানুষ সাধারনত ভাত, মাছ, মাংশ, ডাল ও সব্জী খেয়ে থাকে। এছাড়া চাল, ডাল তেল, লবন, মরিচ একত্রে মিশিয়ে খিচুড়ী রান্না করে খেয়ে থাকে। বিভিন্ন সামাজিক লোকাচার ও ধর্মীয় অনুষ্ঠানে সাদা ভাত পোলাও, বিরিয়ানী, মাছ, মাংস ও দধির আয়োজন হয়ে থাকে।

২৩। **বনায়ন ঃ**

রাস্ড়ার পাশে প্রায় ১৭ কিঃ মিঃ সামাজিক বনায়ন আছে (বনবিভাগ ও এনজিও কর্তৃক রোপিত)। শিশু, বাবলা, মেহগনি, নিম, শীলকড়ই প্রভৃতি গাছ আছে। এছাড়া স্থানীয় সরকার কর্তৃক ৩ কিঃ মিঃ রোপনকৃত নারিকেল গাছসহ অন্যান্য গাছ দেখতে পাওয়া যায়।
ব্যক্তি মালিকানাধীন প্রায় ১৫ টি নার্সারী আছে। নার্সারীতে নতুন এবং কম বয়সী চারার সংখ্যা বেশী পরিমানে পরিলক্ষিত হয়। স্থানীয় ভাবে সামাজিক বনায়ন তৈরীর পরিকল্পনা আছে। ইউনিয়নের অভ্যন্ড়রীন রাস্ড়াগুলি উঁচু করে সামাজিক বনায়ন সৃষ্টি করা হবে।

২৪। **জীব ও বৈচিত্র ঃ**

জীববৈচিত্র ঃ

সোনাবাড়ীয়া ইউনিয়নের জীববৈচিত্রের মধ্যে রয়েছে এলাকার বৃক্ষসম্পদ, জলজ উদ্ভিদ, স্থল ও জলজ প্রাণীকূল, দেশীয় পাখি ইত্যাদি। পূর্বে এলাকাটি জীববৈচিত্রের দিক থেকে বেশ সুন্দর ছিল। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে বাগান উজাড় করে কৃষিকাজ ও বসতি স্থাপন শুর“ করে। বর্তমানে ব্যক্তিগত উদ্যোগে ও সমর্থ অনুযায়ী বৃক্ষ রোপন করছে। আম, খৈ, লেবু, কদবেল, বাবলা, শিমুল, কদম, বট, পাকুড়, ডুমুর, দেবদার“, বেঁত, বাঁশ ও ছাতিম ইত্যাদি গাছপালা কম এবং ক্রমশ কমছে। যে সকল কাঠজাতীয় বৃক্ষ বেশী পরিমান দেখা যায় তা হলো শিশু, রেইন্ট্রি, আম, মেহগনি ইত্যাদি।

ফুল জাতীয় ঃ

রক্তজবা, বাগান বিলাস, শিউলী, জবা, গোলাপ, গাঁধা, বেলী, রজনীগন্ধা, টগর, হাসনাহেনা, বকুল ইত্যাদি বসতবাড়ীর আঙ্গিনায় দেখতে পাওয়া যায়।

ফল জাতীয় ঃ

আম, জাম, কাঁঠাল, কলা, লিচু, কূল, সফেদা, পেয়ারা, আনারস, পেঁপে, তাল, সুপারি, ডালিম, খেজুর, নারিকেল, কামরাঙ্গা ইত্যাদি।

কম দেখা যায় ঃ

আমলকী, ডালিম, লেবু, কদবেল, করমচা, তেঁতুল, আতা, শরীফা, বেল, জামরুল ইত্যাদি।

ভেষজ গাছপালা ঃ

অর্জুন, কুমরকী লতা, ধূতরো, শিমুল মান্দার, হরিতকি, বহেরা, আমলকি, উলটকম্বল, ভেন্না, তেলাকুচু, বাবলা তুলসী, স্বর্ণ লতা, আকন্দ, থানকুনি পাতা, জর্মানী লতা, গুলঞ্চ লতা, চিচ্চিড়ে, নিম, নিশিন্ধা, কালকুসিন্দে, আড়হর, দূর্বাঘাস, আকন্দ, ভাদলা, ও নাটাফল প্রভৃতি। গাছ গুলি সাধারণত ঝোপের মধ্যে দেখতে পাওয়া যেত কিন্তু ঝোপঝাড় পরিষ্কার করে আবাদী জমি বৃদ্ধি ও বসত বাড়ী নির্মানের ফলে ভেষজ বৃক্ষ গুলো খুব দ্রুত এলাকা থেকে বিলিন হতে চলেছে।

জলজ উদ্ভিদ ঃ

শাপলা, কচুড়ীপানা ও শেওলা ইত্যাদি জলজ উদ্ভিদ অনিয়মতান্ত্রিক মৎস্য আহরণ, অতিরিক্ত মাত্রায় জমিতে রাসায়নিক সার ও কীট নাশক ব্যবহার করার ফলে দিন দিন হারিয়ে যাচ্ছে বলে এলাকার জনগণ মতামত প্রকাশ করেন।

বন্যপ্রাণী ঃ

বনবিড়াল, খেঁকশিয়াল, বাগডাসা, বেজী ইত্যাদি ২০০০ সালের পর থেকে অনেকাংশে কমে গেছে। কারণ ২০০০ সালে ভারত থেকে বন্যার পানি বাংলাদেশের সাতক্ষীরা জেলাধীন কলারোয়া উপজেলায় প্রবেশ করে। স্মরণ কালের বন্যার পানি উপজেলার ৯২% এলাকা পানিমগ্ন অবস্থায় ৩ মাস ব্যাপী বিরাজ করে। যার ফলে বন্য প্রাণীকূল মারাত্মক ভাবে ক্ষতি সাধিত হয়। তাছাড়া প্রাকৃতিক ঝোপঝাড় পরিষ্কার, খাদ্যের অভাব, লোকজনের বিরূপ আচরণ, বন্য প্রাণী শিকার করা, ফসলের ক্ষেতে কীটনাশক প্রয়োগ ইত্যাদি কারণেও বন্য প্রানী খুব দ্রুত কমে যাচ্ছে। উপকারী প্রাণী কমে ক্ষতিকর প্রাণীর উপদ্রব কিছুটা বাড়ছে।

স্ড়্যাপায়ী প্রাণী ঃ

গরু, ছাগল, ভেড়া, ঘোড়া, বিড়াল, কুকুর, শিয়াল, খাটাশ, খেঁকশিয়াল, বাগডাসা, বেজী, চামচিকা, বাদুর ইত্যাদি স্ড়্যাপায়ী প্রানী এলাকায় বিদ্যমান, তবে অভাব অনটন, খাদ্য ও বাসস্থানের অভাবে এ সব প্রানীও বিলীনের পথে।

সরীসৃপ জাতীয় প্রাণী ঃ

গোখরা সাপ, কান্দল সাপ, দাড়াস সাপ, গুইসাপ, জাত সাপ, ধোড়া সাপ, কুঁচে ইত্যাদি। ২০০০ সালের বড় বন্যা, লোকজনের বিরুপ আচারণ, রাসায়নিক সার ও কীট নাশক ব্যবহারে মাত্রা বৃদ্ধি ইত্যাদি কারণে এ জাতীয় প্রাণী দিন দিন কমে যাচ্ছে।

উভচর প্রাণী ঃ

ব্যাঙের মধ্যে বর্তমানে সোনা ব্যাঙ, জলা ব্যাঙ, কুনো ব্যাঙ দেখতে পাওয়া যায়। ১৯৮৫ সাল থেকে বিদেশে রপ্তানী করার কারণে গ্রাম এলাকায় উলে-খযোগ্য পরিমানে ব্যাঙ কমে যায়। গত কয়েক বছর যাবৎ ব্যাঙ ধরা বন্ধ হলেও কৃষি জমিতে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহারের ফলে ব্যাঙ এর বংশবিস্ড়ার অনেকাংশে কমে যাচ্ছে। ফলে কৃষি ফসল ও সব্জী ক্ষেতে পোকার আক্রমন বেড়ে যাচ্ছে।

স্থানীয় পাখি ঃ

দেশীয় প্রজাতির পাখির মধ্যে ঘুঘু, শালিক, প্যাঁচা, দোয়েল, বক, চিল, কাক, চড়ুই, বাবুই, টিয়া,বাদুর,মাছরাঙা, পায়রা ইত্যাদি দেখতে পওয়া যায়। এসব প্রজাতির পাখির পরিমান দিন দিন কমে যাচ্ছে। পাখি শিকার করা, ঝোপঝাড় কমে যাওয়া, জমিতে কীটনাশক ও রাসায়নিক সার ব্যবহারই এ সব পাখী কমে যাওয়ার প্রধান কারন।

অতিথি পাখি ঃ

সোনাবাড়ীয়া ইউনিয়নে উলে-খযোগ্য তেমন কোন অতিথি পাখির সন্ধান পাওয়া যায়নি তবে শীতকালে সোনাই নদী ও পার্শ্ববর্তী বিলে বালি হাঁস, পানকৌড়ী ও বক জাতীয় পাখি মাঝে মধ্যে দেখতে পাওয়া যায়।

মৎস্য সম্পদ ঃ

দেশীয় প্রজাতির মাছের মধ্যে টাকী, শৈল, রুই, কাতলা, মৃগেল, সিলভারকার্প, সরপুঁটি, বোয়াল, গজাল, কৈ, শিং, চিতল, বেলে, চিংড়ি, টেংরা, কাকিলাশ, মাগুর, কালবাউস, পাবদা, রয়না, বাইন ইত্যাদি উলে-খযোগ্য। ৯০ দশকের পূর্বে এলাকায় এসব মাছ পর্যাপ্ত পরিমানে পাওয়া যেত।

ছোট বড় ও ডিম ওয়ালা মাছ আহরণ করা, জলাশয় গুলি সম্পূর্ণ পানি নিষ্কাশন করে মাছ ধরা, শুষ্ক মৌসুমে বিলের পানিতে কিছু সংখ্যক মা জাতীয় মাছ না রাখা। কৃষি জমিতে রাসায়নিক সার ও কীট নাশক মাত্রাতিরিক্ত ব্যবহার করা ইত্যাদির ফলে দেশীয় প্রজাতির স্বরপুঁটি, বোয়াল, চিতল, মাগুর কৈ ও রয়না ইত্যাদি মাছ বিলুপ্তির পথে।

জীব বৈচিত্রের সংরক্ষনের ব্যাপারে তেমন কোন উদ্যোগ সরকারী বা বেসরকারীভাবে পরিলক্ষিত হয় নাই।

২৫। **গবাদী পশু পাখি ঃ**

অধিকাংশ বাড়িতে গরু, ছাগল, হঁস, মুরগী ও ভেড়া পালন করে থাকে। ইউনিয়নে প্রায় গরু- ৬৩০০ টি, ছাগল-৭৫০০ টি, ভেড়া ৭০ টি, হাঁস ৬৫২৩ টি, মুরগী ১৫২৪৩ টি, রাজ হাঁস ৩৬৫ টি, তিতপাখি ২০ টি। গবাদি পশুর চারণ ভূমি উলে- খ যোগ্য পরিমানে না থাকলেও সব এলাকায় কম বেশী আছে। তবে বোরো ধান মাঠ থেকে উঠার পর কিছু দিন গরু মাঠে খোলামেলা ভাবে চারণ করে থাকে। পশুর সাধারণত জ্বরা, খুরা, গলাফোলা, কলেরা ও পেটফাপা রোগের বেশী দেখা দেয়। সরকারী ভাবে পশু চিকিৎসালয় আছে ১ টি তাছাড়া ইউনিয়নের মধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত ০৫ জন পশু চিকিৎসক আছে তারা গ্রাম পর্যায়ে সেবা দিয়ে থাকে।

২৬। **মৎস্য চাষ ঃ**

প্রাকৃতিক ভাবে মাছ উৎপাদন ব্যহত হওয়ার সাথে সাথে বিকল্প উপায়ে মাছ চাষের জন্য এলাকার চাষীগণ ঘের ও পুকুরকে বেছে নিয়েছে এবং মাছের চাহিদা ও মূল্য বৃদ্ধি পেতে থাকায় মাছ চাষ বেশ লাভজনক হওয়ায় দীর্ঘদিন ধরে সোনাবাড়িয়া ইউনিয়নের পুকুরে মাছ চাষ বৃদ্ধি পাচ্ছে। মাছ চাষীরা যে সমস্ত মাছ উৎপাদন করে থাকে এর মধ্যে হলো- তেলাপিয়া, রুই, কাতলা, মৃগেল, সিলভার কার্প, গ্রাস কার্প, পাংগাস ও চিংড়ী মাছ ইত্যাদি উলে- খযোগ্য। প্রায় ৬৫ টি ছোট বড় পুকুরে বাণিজ্যিক ভিত্তিতে মাছের চাষ করা হয়। মাছের রেনু পোনা উৎপাদনের জন্য ইউনিয়নের মধ্যে কোন হ্যাঁচারী নাই। তবে মৎস্য চাষ উন্নয়নের লক্ষ্যে মাঝে মাঝে উপজেলা মৎস্য অধিদপ্তর ও যুব উন্নয়ন অধিদপ্তর কারিগরী সহায়তা প্রদান করে থাকে।
(সুত্রঃ ইউনিয়ন পরিষদ)

২৭। **বিদ্যুৎ ঃ**

আধুনিক বিজ্ঞানের যুগে বিদ্যুতের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কিন্তু প্রয়োজনের তুলনায় বিদ্যুতের সরবরাহ খুবই কম। যার ফলে বিদ্যুৎ চালিত কলকারখানা রেডিও, টিভি, কম্পিউটার, সেচযন্ত্র, স-মিল ধান মাড়াই ও গম মাড়াই মেশিন ইত্যাদি পরিচালনা ব্যহত হচ্ছে।
ইউনিয়নের মধ্যে বিদ্যুৎ কভারেজ আছে ৪৮%, বাকী রয়েছে ৫২ %, বিদ্যুৎ এর উৎস হ'ল পল- ী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ এর আওতায় কৃষি জমি প্রায় ১৪০০ একর। কিন্তু অতিরিক্ত লোডশেডিং-এর কারণে ফসল উৎপাদন করা সম্ভব হয় না। বর্তমানে প্রায় সকল সেচ ব্যবস্থা ডিজেল চালিত ইঞ্জিন দ্বারা পরিচালিত। খরা মৌসুমে ২৪ ঘন্টার মধ্যে ৩ থেকে ৪ ঘন্টা বিদ্যুৎ সরবরাহ থাকে।

২৮। **পানি ও পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা ঃ**

সোনাবাড়ীয়া ইউনিয়নে টিউবওয়েলের সংখ্যা প্রায় ১৮৬৫ টি। গোড়া পাঁকা টিউবওয়েলের সংখ্যা প্রায় ১৩৫০ টি, গোড়া কাঁচা টিউবওয়েরের সংখ্যা প্রায় ৪৩০ টি। অকেজো টিউবওয়েল প্রায় ৩৫ টি। এর মধ্যে প্রায় ৫০টি আর্সেনিক মুক্ত গভীর নলকূপ আছে। পায়খানা থেকে টিউবওয়েলের আনুমানিক দূরত্ব প্রায় ১৫-২০ ফুট। বন্যার ফলে পায়খানা ও টিউবওয়েল আক্রান্ত হয় না।

- প্রায় ১০০% নলকূপের পানিতে অতিরিক্ত মাত্রার আর্সেনিক বিদ্যমান।
- বেশীরভাগ পরিবারে নলকূপের পানি ব্যবহার করে।
- পয়ঃনিষ্কাশন ব্যবস্থা অনুকূল না হওয়ায় পরিবেশের উপর নেতিবাচক প্রভাব পড়ছে।
- পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্বাস্থ্যসম্মত না হওয়ায় স্বাস্থ্যগত পরিবেশ হুমকির সম্মুখিন।

২৯। ইউনিয়ন মানচিত্র ঃ

সোনাবাড়ীয়া ইউনিয়ন মানচিত্র
কলারোয়া, সাতক্ষীরা।



সাংকেতিক চিহ্ন

বিষয়	চিহ্ন
ইউনিয়ন সীমানা	
মৌজা সীমানা	
ইউনিয়ন পরিষদ	
কলেজ	
পুকুর	
চিংড়ি ঘের	
নলকূপ	
পাঁকা রাস্তা	
কাচা রাস্তা	
হাসপাতাল	
স্কুল	
মাদ্রাসা	
মসজিদ	
মন্দির	
হাট/ বাজার	
খেলার মাঠ	
কালভার্ট	
ব্রিজ	
কৃষি জমি	
খাস জমি	
বসতি	
খাল	
বন্যা	
জলাবদ্ধতা	
খরা	
ঝড়	
অতি বৃষ্টি	
আর্সেনিক	
অফিস	
ইট বিছানো রাস্তা	
শিলাবৃষ্টি	
স্লুইচ গেট	

বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কিত তথ্যাবলী

৩০। **কাবিখা ঃ**

- রাজপুর রাজ্জাক সাহেবের বাড়ীর মোড় থেকে বাগীর পুকুরের পাশ পর্যন্ড় ৫০,০০০ টাকা ।
- সোনাই ব্রীজের দুই পাশে মাটি ভরাট ৫০,০০০ টাকা।
- উত্তর ভাদিয়ালী প্রাথমিক বিদ্যালয়ের পিছন থেকে সিদ্দিকের বাড়ী পর্যন্ড় কাঁচা রাস্ড়া নির্মান ১,৪০,০০০ টাকা ।
- বড়ালী দাকোপার বিল থেকে চান্দার স্-ুইচ গেট পর্যন্ড় খাল খনন ৭৫,০০০ টাকা ।

কাবিটা ঃ চলতি অর্থ বছরে কোন কাজ হয়নি।

৩১। **ভিজিডি ঃ**

১৫০ পরিবারকে মাসিক ৩০ কেজি হিসাবে ভি.জি.ডি কার্ডের মাধ্যমে চাল বিতরণ করা হয় (কার্ডের মেয়াদ ২ বছর)।

ভি.জি.এফ ঃ ১৫০০ পরিবারকে ১০ কেজি হিসাবে চাল বিতরণ করেছে।
(তথ্য ইউনিয়ন পরিষদ)

৩২। **ব্রীজ/কালভাট ঃ**

বিগত ৫ বছরে ইউনিয়নে ব্রীজ ,কালভার্ট এবং স্-ুইচ নির্মান বা সংস্কারের কোন কাজ হয় নি।

৩৩। **কৃষি বিষয়ক ঃ**

আমন মৌসুমে ধানের চাষ বেশী হয়ে থাকে। বিআর-১১ ও ইিয়ান স্বর্ণা ধানের চাষ করে থাকে। আউশ মৌসুমে ব্রি ধান-২৮, ২৯, হাইব্রীড, বেড়ে রত্না, জামাই বাবু, কটকতারা ধানের চাষ করে থাকে। ব্রি ধান-২৮, বেড়েরত্না, জামাই বাবু এই প্রজাতির ধান গুলি বোরো মৌসুমে আবাদের জন্য বীজ হিসাবে চাষ করে থাকে। খরিপ ঋতুতে পটল, কুশি, লাউ, পটল, কলা, সব্জী, তিল ইত্যাদি ফসল হয়ে থাকে। সরকারী ভাবে ইউনিয়নে কৃষি বীজ সরবরাহ করে থাকে ১০%,সীমান্ড়বর্তী ইউনিয়ন হওয়ায় অধিকাংশ বীজ স্থানীয় ভাবে বাজার ও ওপার (ভারত) থেকে সংগ্রহ করে থাকে। ৫০% বীজ কৃষক সনাতনী পদ্ধতিতে বাড়ীতে সংরক্ষণ করে থাকে। যদিও সরকারীভাবে উফশী জাতের বীজ সরবরাহ করা হয় তবে বীজের মূল্য বেশী হওয়ায় দরিদ্র কৃষকদের পক্ষে বীজ ক্রয় করা সম্ভব হয় না। জমি চাষের ক্ষেত্রে দুই ধরণের পদ্ধতি ব্যবহার করে। সনাতন ও যান্ত্রিক পদ্ধতিতে চাষকার্য করে থাকে। সরকারী ভাবে কোন সেচ ব্যবস্থা নাই।

